# বরিশাল বোর্ড-২০১৬

## অর্থনীতি-দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ১ | ০ |

সময়-২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১. "বাংলাদেশের অর্থনীতির গতিপ্রকৃতি" শীর্ষক একটি আলোচনা সভায় একজন বক্তা আশা প্রকাশ করলেন, বাংলাদেশ অচিরেই খাদ্য রপ্তানিকারক দেশে পরিণত হবে। তিনি বললেন, এদেশে প্রায় ১৮.৭৫ লক্ষ একর জমি এখনও অনাবাদি রয়েছে। বক্তব্যে তিনি নিম্নের তথ্যও তুলে ধরলেন:

| অর্থ বছর | খাদ্যশস্য উৎপাদন (লক্ষ মেট্রিক টন) | খাদ্যশস্য আমদানি (লক্ষ মেট্রিক টন) |
|---|---|---|
| ২০০৮-২০০৯ | ৩২৯ | ৩০ |
| ২০০৯-২০১০ | ৩৪১ | ১৮ |

ক. বিশ্বায়ন কী? ১

খ. সংস্কৃতির ক্ষেত্রে বিশ্বায়নের প্রভাব কেমন? ২

গ. বক্তার প্রদত্ত তথ্য স্তম্ভচিত্র এঁকে দেখাও। ৩

ঘ. তুমি কি বক্তার আশাবাদের সাথে একমত? প্রদত্ত তথ্যের আলোকে যুক্তি দাও। ৪

২. বাবুল লেখাপড়া শেষ করে গ্রামে এসে একটি বিশেষ প্রযুক্তি (যেমন জৈব) ব্যবহার করে লিচু বাগান তৈরি করল। লিচু গাছ ছোট, ফলন অধিক এবং সুস্বাদু। লিচু বাগান পরিচর্যা এবং বাজারজাত করার ক্ষেত্রে বাবুল তথ্য সংগ্রহের জন্য আধুনিক প্রযুক্তির সাহায্য নেয়।

ক. কৃষির প্রধান উপখাত কয়টি? ১

খ. কৃষি খামার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বাবুল লিচুর ক্ষেত্রে যে প্রযুক্তি ব্যবহার করেছে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বাবুলের বাগান পরিচর্যা ও বাজারজাত করার ক্ষেত্রে ব্যবহৃত প্রযুক্তি কৃষিখাতে অধিক উৎপাদনের সহায়তা করতে পারে- তোমার মতামত দাও। ৪

৩. মি. রতন শীতের ছুটিতে সপরিবারে সিলেটে চা বাগান দেখতে গেল। সেখানে গিয়ে জানতে পারল যে, বাংলাদেশ বিশ্বের বিভিন্ন দেশে চা রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে। কিন্তু চা শিল্পের কিছু সমস্যার কারণে উন্নতি করতে পারছে না। মি. রতন সেই সমস্যাগুলো চিহ্নিত করেন। যেমন— শ্রমিকদের আবাসিক সংকট, কম মজুরি, অশিক্ষিত শ্রমিক, শ্রমিকদের সন্তানদের শিক্ষা ব্যবস্থা অপ্রতুল ইত্যাদি।

http://teachingbd.com

ক. শিল্প কী? ১

খ. ফার্ম কি শিল্প হতে পারে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাগুলো কি ধরনের— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সমস্যাগুলো সমাধানে কী করা যায় বলে তুমি মনে কর? ৪

৪. বাংলাদেশ একটি জনবহুল দেশ। এদেশে বিদ্যমান সম্পদের তুলনায় জনসংখ্যার পরিমাণ অনেক বেশি। এজন্য বিভিন্ন সমস্যা যেমন— জনসংখ্যা বৃদ্ধি, খাদ্য ঘাটতি, বেকারত্বসহ ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ দেখা যায়। তবে সাম্প্রতিককালে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের মাধ্যমে জনসংখ্যার নিয়ন্ত্রণ করে জনসংখ্যা ও সম্পদের মধ্যে সামঞ্জস্য বিধানের চেষ্টা চলছে।

ক. জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? ১

খ. আত্ম-কর্মসংস্থান বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশে ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব কতটুকু কার্যকর? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারের গৃহীত পদক্ষেপ মূল্যায়ন কর। ৪

৫. শফিকুল মিয়া একজন মাছ ব্যবসায়ী। মাছকে দীর্ঘদিন ভালো রাখতে এবং পচনের হাত থেকে রক্ষা করতে তিনি এক ধরনের কেমিক্যাল ব্যবহার করেন। তার এ মাছ না বুঝেই জনসাধারণ ক্রয় করেন। এতে শফিকুল মিয়ার প্রচুর লাভ হয়।

ক. খাদ্য নিরাপত্তা কী? ১

খ. নিরাপদ খাদ্য গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শফিকুল মিয়ার কার্যক্রম নিরাপদ খাদ্যের কার্যক্রমকে কীভাবে ধ্বংস করছে? ৩

ঘ. উদ্দীপকের সমস্যার আলোকে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সরকারের কী ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? ৪

৬. রতন সাহেব একজন ব্যবসায়ী। নিজ ব্যবসার পাশাপাশি তিনি শেয়ারের ব্যবসাও করেন। একবার গ্রামীণ ফোনের শেয়ার কিনে বেশ লাভবান হওয়ায় এ শেয়ারের দিকেই তার আকর্ষণ বেশি। রতন সাহেব গ্রামীণ ফোনের প্রথম পর্যায়ের ক্রেতা যিনি সরাসরি গ্রামীণ ফোনের কাছ থেকে শেয়ার কিনেন। এজন্য তিনি মতিঝিলে স্টক এক্সচেঞ্জে যান। শেয়ারের মূল্যসূচক জেনে তিনি অনেক চিন্তা-ভাবনা করে তা ক্রয় করেন। ফলে রতন সাহেবের শেয়ার ক্রয়জনিত ঝুঁকি ন্যূনতম থাকে।

ক. অর্থায়ন বলতে কী বোঝায়? ১

খ. প্রাইমারি শেয়ার কিভাবে সেকেন্ডারি শেয়ারে পরিণত হয়? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে রতন সাহেব কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. রতন সাহেবের বিনিয়োগকৃত পুঁজি দেশের অর্থনীতিতে কিরূপ ভূমিকা রাখে তা ব্যাখ্যা কর। ৪

৭. নজরুল সাহেব বাজার থেকে ফিরে বিরক্তির সুরে তার সহকর্মীকে বললেন, আর বলবেন না ভাই, গত বছর সবজি প্রতি কেজি ১০ টাকা করে কিনেছি। এবার প্রাকৃতিক দুর্যোগের কারণে তা আর সম্ভব হচ্ছে না। এই দেখুন, ১ কেজি একই সবজি কিনলাম ২০ টাকা দরে।

ক. মুদ্রাস্ফীতি কী? ১

খ. চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে সবজির দামের ভিত্তিতে বর্তমান বছরের ভোক্তার দামসূচক নির্ণয় কর। ৩

ঘ. "উদ্দীপকের মুদ্রাস্ফীতির সব কারণ উল্লেখ হয়নি"— বিশ্লেষণ কর। ৪

৮. বাংলাদেশের রপ্তানি ও আমদানি পরিস্থিতি নিম্নরূপ:

| রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | | আমদানি ব্যয় (মিলিয়ন মার্কিন ডলার) | |
|---|---|---|---|
| ২০০৯-২০১০ | ২০১০-২০১১ | ২০০৯-২০১০ | ২০১০-২০১১ |
| ১৬২০৪.৬৫ | ২২৯২৪.৩৮ | ২৩৭৩৮ | ৩৩৬৫৮ |

উৎস: রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক

ক. আন্তর্জাতিক বাণিজ্য কাকে বলে? ১

খ. বাংলাদেশের অর্থনীতিতে আন্তর্জাতিক বাণিজ্য কেন গুরুত্বপূর্ণ? ২

গ. উল্লিখিত তথ্যের আলোকে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যে কিরূপ ভারসাম্য বিরাজ করছে? কেন? ৩

ঘ. উল্লিখিত তথ্যের আলোকে এ ব্যবধান কমানোর জন্য তুমি কোন ধরনের নীতিকে সমর্থন করবে? কেন? ৪

৯. বজলার স্যার একদিন এদেশের উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে ক্লাসে বক্তৃতা করতে গিয়ে বললেন, বাংলাদেশে এ যাবৎ যতগুলো পরিকল্পনা প্রণীত হয়েছে তারমধ্যে ষষ্ঠ-পঞ্চবার্ষিক পরিকল্পনা নানা দিক থেকে স্বতন্ত্র। উন্নয়ন পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রার ভিত্তিতে এমন কথা বলা যায়।

ক. উন্নয়ন পরিকল্পনা কী? ১

খ. দীর্ঘমেয়াদি পরিকল্পনা বলতে কী বোঝ? ২

গ. এদেশে দারিদ্র্য বিমোচনের জন্য উদ্দীপকে উল্লিখিত পরিকল্পনার উদ্দেশ্যসমূহ লেখ। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ষষ্ঠ-পঞ্চবার্ষিক পরিকল্পনার স্বাতন্ত্র্য বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# অর্থনীতি-দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ০

সময়-৪০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. **Finance শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে এসেছে?**
ক Fine খ Finis গ Finan ঘ Finae

২. **বাজারে সুদের হার বৃদ্ধি পেলে বন্ডের সুদের হার কেমন হবে?**
ক বৃদ্ধি পাবে খ হ্রাস পাবে
গ অপরিবর্তিত থাকবে ঘ শূন্য হবে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**

আলম সাহেব একটি তৈরি পোশাক কারখানা করলেন। অর্থায়নের জন্য ব্যাংক ঋণ নিলেন। পরবর্তীতে কোম্পানির শেয়ার বিক্রয় করলেন এবং বন্ড ছাড়লেন। তার মোট মূলধন ১০০ কোটি টাকা। কিন্তু কোম্পানি লোকসান করল।

৩. **কে ক্ষতিগ্রস্ত হবে?**
i. আলম সাহেব
ii. শেয়ার ক্রেতাগণ
iii. বন্ডের মালিকগণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৪. **আলম সাহেবের কারখানাটি কোন শিল্পের অন্তর্গত?**
ক বৃহৎ শিল্প খ মাঝারি শিল্প
গ ক্ষুদ্র শিল্প ঘ কুটির শিল্প

৫. **কোনটি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায়?**
i. ব্যাংক হার বৃদ্ধি
ii. ঋণপত্র বিক্রয়
iii. করের হার বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৬. **মুদ্রাস্ফীতি নির্ণয়ের সূত্র কোনটি?**
ক $P = \frac{Po_1 - Po_2}{Po_1} \times 100$
খ $P = \frac{Po_2 - Po_1}{Po_1} \times 100$
গ $P = \frac{Po_1 - Po_2}{Po_2} \times 100$
ঘ $P = \frac{Po_2 - Po_1}{Po_2} \times 100$

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**

সরকারি বেতন বৃদ্ধির ফলে দ্রব্যমূল্য বৃদ্ধি পেল।

৭. **স্থির আয়ের লোকের উপর কী প্রভাব পড়বে?**
ক লাভবান হবে খ ক্ষতিগ্রস্ত হবে
গ অবস্থা অপরিবর্তিত থাকবে
ঘ ভোগ বৃদ্ধি পাবে

৮. **মূল্যবৃদ্ধির এই প্রক্রিয়াকে কী বলে?**
ক মুদ্রাস্ফীতি খ মুদ্রা সংকোচন
গ মজুরি বৃদ্ধি ঘ অবমূল্যায়ন

৯. **আন্তর্জাতিক বাণিজ্য বলতে কী বোঝায়?**
ক দেশের অভ্যন্তরে বাণিজ্য
খ একাধিক দেশের মধ্যে বাণিজ্য
গ এক জেলার সঙ্গে অন্য জেলার বাণিজ্য
ঘ রাজধানীর সঙ্গে বাণিজ্য

১০. **মুদ্রাস্ফীতির প্রধান কারণ কী?**
ক মুদ্রা সরবরাহ বৃদ্ধি খ মুদ্রার চাহিদা বৃদ্ধি
গ আয় বৃদ্ধি ঘ সঞ্চয় বৃদ্ধি

১১. **বাংলাদেশি পণ্যের সর্বোচ্চ আমদানি ও রপ্তানিকারক দেশগুলো যথাক্রমে—**
ক আমেরিকা ও ভারত খ আমেরিকা ও চীন
গ ভারত ও আমেরিকা ঘ চীন ও আমেরিকা

১২. **বাংলাদেশের প্রধান রপ্তানি দ্রব্য কোনটি?**
ক তৈরি পোশাক খ হিমায়িত খাদ্য সামগ্রী
গ পাট ও পাটজাত দ্রব্য
ঘ চামড়া ও চামড়াজাত দ্রব্য

১৩. **কোন দেশ থেকে বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক সাহায্য পায়?**
ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য
গ চীন ঘ জাপান

১৪. **VAT-এর পূর্ণরূপ কী?**
ক Value Able Tax খ Value Added Tax
গ Value And Tax ঘ Value After Tax

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**

অধ্যাপক এ. রহিম ক্লাসে ছাত্র-ছাত্রীদের বললেন, আমরা সকলেই কর দেই।

১৫. **সাধারণত ছাত্র-ছাত্রীরা কোন ধরনের কর দেয়?**
ক প্রত্যক্ষ কর খ পরোক্ষ কর
গ ফি ঘ সাহায্য

১৬. **অধ্যাপক সাহেব সাধারণত কোন ধরনের কর দেন?**
ক প্রত্যক্ষ কর খ পরোক্ষ কর
গ প্রত্যক্ষ ও পরোক্ষ কর ঘ সাহায্য

১৭. **স্বল্পমেয়াদি অর্থায়নের মেয়াদ কত?**
ক ১ বছরের কম খ ১-৫ বছরের মধ্যে
গ ৫-১০ বছরের মধ্যে ঘ ১০ বছরের বেশি

১৮. **১৯৪৭ সালে ভারতবর্ষকে কয় ভাগে ভাগ করা হয়?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

১৯. **বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় কত?**
ক ১১১৪ ডলার খ ১২১৪ ডলার
গ ১৩১৪ ডলার ঘ ১৪১৩ ডলার

২০. **প্রেক্ষিত পরিকল্পনা 'রূপকল্প-২০১১' এর মেয়াদ কত?**
ক ২০১১-২০২১ খ ২০১০-২০২১
গ ২০১০-২০২০ ঘ ২০১৫-২০২১

Teachingbd.com

২১. বাংলাদেশ কত তারিখে স্বাধীনতা অর্জন করে?
ক ১৯৭১ সালের ২৬ মার্চ
খ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর
গ ১৯৭১ সালের ১৭ এপ্রিল
ঘ ১৯৭১ সালের ২১ ফেব্রুয়ারি

২২. ২০১২-২০১৩ অর্থ বছরে বাংলাদেশের অর্থনীতিতে কৃষিখাতের অবদান কত?
ক ১৮.৭০% খ ২১% গ ২৫% ঘ ২৯%

২৩. কৃষিখাতে বাংলাদেশের শ্রম শক্তির কত শতাংশ নিয়োজিত?
ক ৩৭.৫% খ ৪৭.৫% গ ৫০.৪৭% ঘ ৫৭.৫%

২৪. বাংলাদেশের জনসাধারণের শতকরা কত জনের প্রধান পেশা কৃষি?
ক ৬০% খ ৬৫% গ ৭০% ঘ ৮০%

২৫. বাংলাদেশের অর্থনীতিতে কোন খাতের অবদান ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে?
ক কৃষি খ শিল্প
গ সেবা ঘ তৈরি পোশাক

উদ্দীপকটি পড়ো এবং ২৬ এবং ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
কামাল একজন কৃষক। নিজের জমি নেই। অন্যের জমি চাষ করে। দুর্বল গরু আর ভোঁতা লাঙলই তার চাষের একমাত্র অবলম্বন। তাই তার জমির উৎপাদন ক্ষমতা কম।

২৬. কামাল কোন ধরনের কৃষক?
ক প্রান্তিক খ ভূমিহীন
গ আধুনিক ঘ বাণিজ্যিক

২৭. কামালের জমিতে কেন ফসল কম হয়?
i. সে জমির প্রকৃত মালিক নয়
ii. মৌসুমি বায়ুর ওপর নির্ভরশীল
iii. প্রাচীন চাষ পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৮. পরিবারের ভরণ পোষণই প্রধান লক্ষ্য কোন খামারের?
ক জীবন নির্বাহী খামার খ বাণিজ্যিক খামার
গ বহুমুখী খামার ঘ সমবায় খামার

২৯. কোন ফসলে কৃষি জমির প্রয়োজন হয় না?
ক তুলা খ গম গ চা ঘ মাশরুম

৩০. কৃষিক্ষেত্রে ICT কেন ব্যবহার করা হয়?
i. পণ্যের বাজারজাতকরণে
ii. কৃষি বিষয়ক সমস্যা সমাধানে
iii. কৃষি বিষয়ক সমস্যা চিহ্নিতকরণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও।
আজাদ সাহেবের তৈরি পোশাক কারখানায় ২০০০ জন শ্রমিক কাজ করে। সেখানে উৎপাদিত পণ্যগুলো রপ্তানি করা হয়।

৩১. আজাদ সাহেবের কারখানাটি কোন ধরনের শিল্পের অন্তর্গত?
ক বৃহৎ খ মাঝারি গ ক্ষুদ্র ঘ কুটির

৩২. নিচের কোনটি ভিন্ন ধরনের শিল্প?
ক পাট শিল্প খ চিনি শিল্প
গ সাবান শিল্প ঘ লবণ শিল্প

৩৩. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এর সংক্ষিপ্ত রূপ কোনটি?
ক EPS খ EPC গ EPZ ঘ EZP

৩৪. বাংলাদেশের তৈরি পোশাকের প্রধান ক্রেতা কোন দেশ?
ক যুক্তরাজ্য খ যুক্তরাষ্ট্র
গ জাপান ঘ জার্মানি

৩৫. PPP এর পূর্ণরূপ কী?
ক Public Private Partnership
খ Private Public Partneship
গ Partnership Public Private
ঘ Partnership Private Public

৩৬. বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কত?
ক ৯৫০ খ ৯৬৫
গ ১০০৫ ঘ ১০১৫

৩৭. কোনটি জ্যামিতিক হার?
ক ১, ২, ৩, ৪.......
খ ১, ২, ৪, ৮, ১৬ ..........
গ ২, ৪, ৬, ৮ .............
ঘ ১, ৩, ৫, ৭..............

৩৮. বর্তমানে বাংলাদেশে খাদ্য মজুদের পরিমাণ কত (লক্ষ মেট্রিক টন)?
ক ৮ খ ১০ গ ১২ ঘ ১৪

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
রফিক সাহেব বাজার থেকে আপেল কিনে আনার এক মাস পর দেখলেন, আপেলগুলো একই রকম তরতাজা আছে।

৩৯. আপেল তরতাজা থাকার কারণ কি হতে পারে?
ক আপেলের মান ভালো ছিল
খ আপেলের জাত ভালো ছিল
গ আপেলে ফরমালিন দেওয়া ছিল
ঘ আপেলে কার্বাইড দেওয়া ছিল

৪০. আপেলগুলো কি স্বাস্থ্যসম্মত?
i. অস্বাস্থ্যকর
ii. ঝুঁকিপূর্ণ
iii. নিরাপদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ খ | ২ ক | ৩ ক | ৪ ক | ৫ ঘ | ৬ খ | ৭ খ | ৮ ক | ৯ খ | ১০ ক | ১১ ঘ | ১২ ক | ১৩ ঘ | ১৪ খ | ১৫ খ | ১৬ গ | ১৭ ক | ১৮ ক | ১৯ গ | ২০ ঘ |
| ২১ খ | ২২ ক | ২৩ খ | ২৪ গ | ২৫ ক | ২৬ খ | ২৭ খ | ২৮ ক | ২৯ ঘ | ৩০ ঘ | ৩১ ক | ৩২ গ | ৩৩ গ | ৩৪ খ | ৩৫ ক | ৩৬ খ | ৩৭ খ | ৩৮ খ | ৩৯ গ | ৪০ ক |

Teachingbd.com